দৈনিক
ইত্তেফাক

তারিখ 11 AUG 2017
পৃষ্ঠা ১৪ কলাম ২

# মুরাদনগরে আবর্জনার দুর্গন্ধে তিন বিদ্যালয়ের শিক্ষার্থীদের ভোগান্তি

■ মুরাদনগর (কুমিল্লা) সংবাদদাতা

মুরাদনগর উপজেলার একমাত্র সরকারি স্কুল ডিআর উচ্চ বিদ্যালয়ের বেড়ীবাঁধ সড়কের পাশে একটি ডোবা ও অনেকটা পতিত জায়গায় দীর্ঘদিন যাবৎ ময়লা-আর্বজনার ভাগাড়ে পরিণত হয়েছে।

সরেজমিনে দেখা যায়, ডিআর সরকারি উচ্চ রোড নামে পরিচিত গৌমতি নদীর বেড়ীবাঁধ সড়কটির দক্ষিণপাশে একটি ডোবাসহ বেশ অনেকখানি খালি জায়গায় মুরাদনগর সদর বাজারের ও সদর এলাকার বাসা-বাড়ির ময়লা ফেলা হচ্ছে বিভিন্ন যানে করে। ময়লার ওই স্তূপটির পাশাপাশি উল্টো পাশেই রয়েছে মুরাদনগর ডিআর সরকারি উচ্চ বিদ্যালয়, মুরাদনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, ডি আর সরকারি উচ্চ বিদ্যালয়ের ছাত্রাবাস, নূরুন্নাহার বালিকা উচ্চ বিদ্যালয়, মুরাদনগর থানা। পশ্চিম পাশে রয়েছে মাস্টারপাড়া নামের বড় একটি আবাসিক এলাকা। তাই প্রতিদিনই এ সড়কটি দিয়ে ঐ সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ও ওই এলাকার জনসাধারণের দুর্গন্ধময় স্তূপের পাশ দিয়ে নাকে-মুখে হাত চেপে চলাফেরা করতে হচ্ছে। অনেক সময় শিক্ষার্থীরা ময়লার গন্ধে অতিষ্ঠ হয়ে ক্লাসরুমেই বমি করে জ্ঞান হারিয়ে ফেলছে। এতে করে শিক্ষার্থীদের পাঠদানে ব্যাহত হচ্ছে।

মুরাদনগর ডি আর সরকারি উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. শাজাহান বলেন, দুর্গন্ধে আমরা অতিষ্ঠ। শিক্ষক-শিক্ষার্থীদের খুব অসুবিধা হচ্ছে। আমরা কর্তৃপক্ষকে জানাচ্ছি; কিন্তু কোনো কাজ হচ্ছে না।

মুরাদনগর বাজার কমিটির সভাপতি আক্তার মেম্বার বলেন, ময়লা ফেলার কোনো নির্ধারিত স্থান নেই। তবে বাজারের ময়লা বাসস্ট্যান্ডের পাশে জেলা পরিষদের জায়গায় ফালানো হচ্ছে।

মুরাদনগর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রাসেলুল কাদের বলেন, বিষয়টি অত্যন্ত দুঃখজনক। আমাকে কেউ এ বিষয়ে অবহিত করেনি। বিষয়টি খোঁজ নিয়ে শিঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।